ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৬৮৬

মোহনপুর, ১১ জুলাই ২০২৫

**মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় সহায়তা প্রদান**

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় গতকাল মোহনপুর পঞ্চায়েত সমিতির অফিস প্রাঙ্গণে ৯ জন সুবিধাভোগীর মধ্যে ছাগল বিতরণ করা হয়। এই কর্মসূচিতে প্রত্যেক সুবিধাভোগীকে ১টি করে ৫-৭ মাসের ছাগলের বাচ্চা দেওয়া হয়। এতে প্রত্যেক সুবিধাভোগী পিছু ৫ হাজার টাকা করে ব্যয় হয়েছে। এরফলে মোট ব্যয় হয়েছে ৪৫ হাজার টাকা। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহ অধিকর্তা বিধান চন্দ্র দাস প্রমুখ।

*******